

আয়-যুমার | Az-Zumar | الْزُّمَر

আয়াতঃ ৩৯ : ৪৩

আরবি মূল আয়াত:

أَمْ اتَّخَذُوا مِنْ دُونِ اللَّهِ شُفَعَاءَ ۖ قُلْ أَوْ لَوْ كَانُوا لَا يَمْلِكُونَ شَيْئًا وَ لَا

يَعْقِلُونَ ﴿٤٣﴾

A | ✎ অনুবাদসমূহ:

তবে কি তারা আল্লাহ ছাড়া অন্যদেরকে সুপারিশকারী বানিয়েছে? বল, ‘তারা কোন কিছুর মালিক না হলেও এবং তারা না বুঝলেও?’ — আল-বায়ান

তারা কি আল্লাহকে ছাড়া (অন্যদেরকে নিজেদের মুক্তির জন্য) সুপারিশকারী বানিয়ে নিয়েছে? বল- তারা কোন কিছুর মালিক না হওয়া সত্ত্বেও, আর তারা না বুঝলেও? — তাইসিরুল

তাহলে কি তারা আল্লাহ ছাড়া অপরকে সুপারিশ সাব্যস্ত করেছে? বলঃ তাদের কোন ক্ষমতা না থাকলেও এবং তারা না বুঝলেও? — মুজিবুর রহমান

Or have they taken other than Allah as intercessors? Say, "Even though they do not possess [power over] anything, nor do they reason?" — Sahih International

৪৩. তবে কি তারা আল্লাহ ছাড়া অন্যকে সুপারিশকারী ধরেছে? বলুন, তারা কোন কিছুর মালিক না হলেও এবং তারা না বুঝলেও?

-

তাফসীরে জাকারিয়া

(৪৩) তবে কি ওরা আল্লাহকে ছেড়ে (অন্যদেরকে) সুপারিশকারী স্থির করেছে? বল, ওদের কোন ক্ষমতা না থাকলেও এবং ওরা না বুঝলেও কি? [1]

[1] অর্থাৎ, সুপারিশ করার এখতিয়ার থাকা তো দূরের কথা, তারা তো সুপারিশের অর্থ যে কি, তা-ই বুঝে না।
কেননা, তারা হল পাথর অথবা জ্ঞানশূন্য বস্তু।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4101>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন